

নম্বর ৩৫.০২.০০০০.০০২.১১.০০২.১৯-১৮০

তারিখ: ২৫-০৬-২০২০ খ্রিস্টাব্দ।

নিয়োগপত্র

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নং ৩৫.০০.০০০০.০৪৮.১৫.০০২.১৫(অংশ-১)-৪৫ তারিখ: ২৫-০৩-২০১৮ এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর বিজ্ঞপ্তি নং ৩৫.০২.০০০০.০০২.১১.০০২.১৯-১৬৩ তারিখ: ২৮ মার্চ, ২০১৯ এর পরিপ্রেক্ষিতে রাজস্ব খাতভুক্ত অস্থায়ীভাবে সৃজিত জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ৭ম গ্রেড অনুযায়ী টাকা ২৯০০০-৬৩৪১০ বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীদের নামের পাশে উল্লিখিত পদে বর্ণিত শর্ত মোতাবেক অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	প্রার্থীর বিবরণ	স্থায়ী ঠিকানা	রোল নং	পদের নাম
১.	নাম: অপু দেবনাথ পিতা: জ্যোতির্ময় দেবনাথ মাতা: শেফালী রানী দেবী	গ্রাম: করিমগঞ্জ মোদকপাড়া ডাকঘর: করিমগঞ্জ-২৩১০ থানা: করিমগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ	2400036	সিনিয়র সহকারী হিসাব ও অর্থ কর্মকর্তা
২.	নাম: আবু তালহা মোঃ সাফওয়ান পিতা: ফকরুল ইসলাম চৌধুরী মাতা: রাহেলা আক্তার	বাসা ৯৪/১-বি, পূর্ব বাসাবো ডাকঘর: বাসাবো-১২১৪ থানা: সবুজবাগ, জেলা: ঢাকা	2500039	প্রোগ্রামার

১. নিয়োগের শর্তাবলী:

- নিয়োগপ্রাপ্ত প্রার্থী স্থায়ী পদের বিপরীতে ২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। তবে শিক্ষানবিশকালে তাঁর কাজকর্ম/আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে তাঁর শিক্ষানবিশকালের মেয়াদ বর্ধিত করা যেতে পারে। শিক্ষানবিশকালে কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর কর্ম ও আচরণ সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান ঘটাতে পারবেন।
 - নিয়োগপ্রাপ্ত প্রার্থী কর্তৃক দাখিলকৃত আবেদনপত্রের তথ্যাদি ও দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র মিথ্যা প্রমাণিত হলে তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
 - নিয়োগপ্রাপ্ত প্রার্থীর পূর্ব-কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল করা যাবে। এ ক্ষেত্রে ডিটিসিএ-তে যোগদানের পর গৃহীত সকল বেতন-ভাতাদির অর্থ ফেরত প্রদান করতে হবে।
 - নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে ডোপ টেস্টসহ স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং সরকারি দায়িত্ব পালনে বাধা সৃষ্টি করতে পারে বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন।
 - যোগদানের সময় সকল সনদপত্রের এবং এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক অনুলিপি দাখিল করতে হবে।
 - নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগে সরকারের প্রচলিত আইন, আদেশ, ডিটিসিএ'র চাকরি প্রবিধানমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীত বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।
 - চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
 - কোনো প্রার্থী পদত্যাগ করতে চাইলে ন্যূনপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে লিখিত নোটিশ দিতে হবে। তা দিতে ব্যর্থ হলে ন্যূনপক্ষে ৩০ (ত্রিশ) দিনের বেতন যা নিয়োগকারী কর্তৃপক্ষ ধার্য করবেন তা কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।
 - অন্য কোনো সংস্থা বা প্রতিষ্ঠানে কর্মরত থাকলে ঐ সংস্থা/প্রতিষ্ঠানের অনুমতিপত্র নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে যোগদানের সময় দাখিল করতে হবে।
 - নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে সকল স্থাবর, অস্থাবর সম্পদের বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র যোগদানের ২ (দুই) মাসের মধ্যে দাখিল করতে হবে।
- উপরোক্ত শর্তাবলীর অওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৯ জুলাই, ২০২০ তারিখের মধ্যে নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ১৩তলা, ফুলবাড়িয়া, ঢাকা এ উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিল করতে হবে।
 - নির্ধারিত তারিখের মধ্যে চাকরিতে যোগদান করতে ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
 - যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।


খন্দকার রাফিকুর রহমান
নির্বাহী পরিচালক

নম্বর ৩৫.০২.০০০০.০০২.১১.০০২.১৯-১৮০(১৪)

তারিখঃ ২৫-০৬-২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত নির্বাহী পরিচালক পিএন্ডপি/ম্যাস ট্রানজিট/টিএমপিটিআই, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। পরিচালক (প্রশাসন), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। হিসাব ও অর্থ কর্মকর্তা, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
- ৯। জনাব/বেগম -----।
- ১০। সহকারী ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট, ডিটিসিএ (ডিটিসিএ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অফিস কপি।


খন্দকার রাকিবুর রহমান
নির্বাহী পরিচালক